# পাঠক্রম ও পাঠ্যসূচি

শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১


## বাংলা বিভাগ

# ঢাকা বিশ্ববিদ্যালয়

# শিক্ষকমণ্ডলি
# ২০২১-২০২২ শিক্ষাবর্ষ

**চেয়ারম্যান**

সৈয়দ আজিজুল হক, এমএ, এম.ফিল, পিএইচ.ডি।

**অধ্যাপক**

(১) ভীষ্মদেব চৌধুরী, এমএ, পিএইচ.ডি; (২) বিশ্বজিৎ ঘোষ, এমএ, পিএইচ.ডি (২৫/৪/২০২২ তারিখ থেকে অবসরে আছেন); (৩) রফিকউল্লাহ খান, এমএ, পিএইচ.ডি (১৪/১০/২০২১ তারিখ থেকে অবসরে আছেন); (৪) সৈয়দ আজিজুল হক, এমএ, এম.ফিল, পিএইচ.ডি; (৫) ফাতেমা কাওসার, এমএ, পিএইচ.ডি; (৬) সিরাজুল ইসলাম, এমএ, পিএইচ.ডি; (৭) সৌমিত্র শেখর, এমএ, পিএইচ.ডি (ডেপুটেশন); (৮) বায়তুল্লাহ্ কাদেরী, এমএ, পিএইচ.ডি; (৯) মোহাম্মদ গিয়াসউদ্দিন, এমএ, এম.ফিল, পিএইচ.ডি; (১০) হোসনে আরা, এমএ, এম.ফিল, পিএইচ.ডি; (১১) মোহাম্মদ আজম, এমএ, পিএইচ.ডি।

**সহযোগী অধ্যাপক**

(১) নূরুন্নাহার ফয়জের নেছা, এমএ, পিএইচ.ডি (ছুটিতে); (২) মো. আবদুস সোবহান তালুকদার, এমএ, পিএইচ.ডি; (৩) তারিক মনজুর, এমএ, পিএইচ.ডি; (৪) সোহানা মাহবুব, এমএ, পিএইচ.ডি; (৫) মুনিরা সুলতানা, এমএ, এম.ফিল, পিএইচ.ডি; (৬) মোমেনুর রসুল, এমএ, এম.ফিল, পিএইচ.ডি; (৭) তাশরিক-ই-হাবিব, এমএ, এম.ফিল, পিএইচ.ডি।

**সহকারী অধ্যাপক**

(১) মেহের নিগার, এমএ; (২) মো. জসিম উদ্দিন, এমএ; (৩) রাফাত আলম, এমএ; (৪) কানিজ ফাতেমা, এমএ।

**প্রভাষক**

(১) মো. নাজমুল হোসেন, এমএ; (২) মো. আল-জোবায়ের, এমএ; (৩) কবির আহমেদ, এমএ।

**সংখ্যাতিরিক্ত অধ্যাপক**

বেগম আকতার কামাল, এমএ, পিএইচ.ডি।

# বিভাগ পরিচিতি

১৯২১ সালে বাংলা বিভাগ যাত্রা শুরু করেছিল 'সংস্কৃত ও বাংলা' বিভাগ হিসেবে। যে বারোটি বিভাগ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা-কার্যক্রম শুরু করেছিল, এ বিভাগ তার একটি। ১৯৩৭ সালে বাংলা পৃথক বিভাগ হয়।

বিভাগের আরম্ভকালীন শিক্ষকদের মধ্যে ছিলেন মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী এবং মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতো খ্যাতিমান পণ্ডিতেরা। পরে বিভিন্ন সময়ে শিক্ষকতা করেছেন সুশীলকুমার দে, মোহিতলাল মজুমদার, আশুতোষ ভট্টাচার্য, মনোমোহন ঘোষ, মুহম্মদ আবদুল হাই, মুনীর চৌধুরী, আহমদ শরীফ প্রমুখ বরেণ্য পণ্ডিতবর্গ।

শুরুতে বিভাগে তিন বছরের স্নাতক সম্মান এবং এক বছরের স্নাতকোত্তর ডিগ্রি চালু ছিল। অনেক পরে চার বছরের স্নাতক সম্মান চালু হয়। ২০০৬-০৭ শিক্ষাবর্ষ থেকে শুরু হয় সেমিস্টার পদ্ধতি এবং লেটার গ্রেড মূল্যায়ন-পদ্ধতি। ১৯৬০ সাল থেকে বিভাগে পিএইচ.ডি কর্মসূচি চালু আছে। ১৯৭৬ সালে এম.ফিল কর্মসূচি চালু হয়।

১৯২১ সাল থেকে এ পর্যন্ত বাংলা বিভাগে আট হাজারের বেশি শিক্ষার্থী ভর্তি হয়েছে। এখন প্রতি বছর গড়ে ১৩২ জন ছাত্রছাত্রী ভর্তি হয়। বিভাগে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি সম্পন্ন করে শিক্ষার্থীদের একটা অংশ বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বিভিন্ন দায়িত্বপূর্ণ পদে যোগ দেয়। একটা বড় অংশ কাজ করে বিভিন্ন পর্যায়ের বাংলা ভাষা ও সাহিত্যের শিক্ষক হিসেবে। এছাড়া অন্যান্য সরকারি-বেসরকারি কাজেও উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থী কর্মরত।

বিভাগে বর্তমানে ২৩ জন পূর্ণকালীন শিক্ষক (ডেপুটেশনসহ) একজন সংখ্যাতিরিক্ত অধ্যাপক এবং চারজন খণ্ডকালীন অধ্যাপক কর্মরত আছেন। শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত ১:২০।

শুরু থেকেই বিভিন্ন তাৎপর্যপূর্ণ গবেষণাকর্মের জন্য বাংলা বিভাগ বিশেষ সুনাম অর্জন করেছে। এ পর্যন্ত বিভাগ থেকে ১৯৭ জনের বেশি গবেষক পিএইচ.ডি এবং ১৩২ জনের বেশি গবেষক এম.ফিল ডিগ্রি লাভ করেছেন। বিভাগের গবেষণা-জার্নাল 'সাহিত্য পত্রিকা' ১৯৫৭ সাল থেকে সুনামের সঙ্গে প্রকাশিত হচ্ছে।

বাংলাদেশে জাতীয়তাবাদী চিন্তার বিকাশ এবং প্রত্যক্ষ আন্দোলন-সংগ্রামে বাংলা বিভাগ বস্তুত কেন্দ্রীয় ভূমিকা পালন করেছে। বিশেষত ষাটের দশকের অগ্নিগর্ভ সময়ে বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের বিভিন্ন ধরনের তৎপরতা ছিল দিক-নির্দেশক। একাত্তরের মহান মুক্তিযুদ্ধে বাংলা বিভাগের তিনজন শিক্ষক – মুনীর চৌধুরী, মোফাজ্জল হায়দার চৌধুরী ও আনোয়ার পাশা — এবং কয়েকজন শিক্ষার্থী শহিদ হন। মুক্তিযুদ্ধের আগে ও পরে সামগ্রিকভাবে দেশের বুদ্ধিবৃত্তিক চর্চায় বাংলা বিভাগ গৌরবময় অবদান রেখে চলছে।

বাংলা বিভাগের অবসরপ্রাপ্ত শিক্ষক অধ্যাপক আনিসুজ্জামান ও অধ্যাপক রফিকুল ইসলাম দেশের জাতীয় অধ্যাপক হিসেবে বৃত হন।

এমএ

## স্নাতকোত্তর শ্রেণিতে ভর্তির যোগ্যতা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ থেকে যারা স্নাতক (সম্মান) ডিগ্রি অর্জন করবে, তারাই কেবল বিভাগের স্নাতকোত্তর শ্রেণিতে ভর্তি হতে পারবে।

## কোর্স সংক্রান্ত নিয়মাবলি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদ থেকে বাংলা বিষয়ে কেবল ৪ বছর মেয়াদের বি এ সম্মান ডিগ্রিপ্রাপ্ত শিক্ষার্থীরা বাংলা বিভাগে এম এ শ্রেণিতে ভর্তির জন্য বিবেচিত হবে।

১. এম এ কোর্সের মেয়াদ : ১ বছর □ সেমিস্টার : ২ □ প্রতি সেমিস্টারের সময় : ২৬ সপ্তাহ।

২. ২ সেমিস্টারে ৫২ সপ্তাহের সপ্তাহভিত্তিক বিন্যাস :

ক. ক্লাস : প্রতি সেমিস্টারে ১৫ সপ্তাহ, ২ সেমিস্টারে ৩০ সপ্তাহ

খ. মিড-সেমিস্টার পরীক্ষা [২ সেমিস্টারে] : ২ সপ্তাহ

গ. সেমিস্টার সমাপ্তি পরীক্ষা [প্রতি সেমিস্টারের শেষে] : ৬ সপ্তাহ

ঘ. উত্তরপত্র মূল্যায়ন ও ফল-প্রকাশ : ৬ সপ্তাহ

ঙ. ছুটি : ৮ সপ্তাহ

৩. মোট কোর্স, মান বণ্টন, ক্রেডিট ও গ্রেড :

৪ ক্রেডিট কোর্স : ৮ নম্বর : ৮ × ১০০ = ৮০০ প্রতি কোর্স : ৪ ক্রেডিট

১ ক্রেডিট কোর্স : ২ নম্বর : ২ × ২৫ = ৫০ প্রতি কোর্স : ১ ক্রেডিট

---

মোট নম্বর : ৮০০+৫০ = ৮৫০ মোট ক্রেডিট : ৮ × ৪+২ × ১ = ৩৪

বি.দ্র.:

ক. ১৫ ঘণ্টার ক্লাস ১ ক্রেডিট ঘণ্টার সমান এবং ১ ক্রেডিট হিসেবে গণ্য।

খ. প্রতি ৪ ক্রেডিট কোর্স = ৪ ক্রেডিট ঘণ্টা মোট ক্লাস : ৬০

গ. প্রতি ১ ক্রেডিট কোর্স = ১ ক্রেডিট ঘণ্টা মোট ক্লাস : ১৫

ঘ. এম এ ডিগ্রির জন্য ২ সেমিস্টারে ন্যূনতম ক্রেডিট ঘণ্টা : ৩০

৪. ২ সেমিস্টারে ৮টি কোর্সের প্রতি ৪ ক্রেডিট এবং ২ কোর্সের প্রতি ১ ক্রেডিট কোর্সের পাঠবিন্যাস :

১ম সেমিস্টার : ৪টি ৪ ক্রেডিট এবং ১টি ১ ক্রেডিট কোর্স : মোট ১৭ ক্রেডিট

২য় সেমিস্টার : ৪টি ৪ ক্রেডিট এবং ১টি ১ ক্রেডিট কোর্স : মোট ১৭ ক্রেডিট

২ সেমিস্টারে মোট ক্রেডিট : ৩৪

১ম সেমিস্টারে ১৫ সপ্তাহে প্রতি ৪ ক্রেডিট কোর্সের সংযোগ ঘণ্টা : ১৫×৪ = ৬০

১ সেমিস্টারে প্রতি ৪ ক্রেডিট কোর্সের সংযোগ ঘণ্টা : ৬০

১ সেমিস্টারে প্রতি ১ ক্রেডিট কোর্সের ক্লাস : ১৫

১ সেমিস্টারে প্রতি ১ ক্রেডিট কোর্সের সংযোগ ঘণ্টা : ১৫

৫. প্রতি ১০০ নম্বরের ৮টি ৪ ক্রেডিট কোর্সের শিক্ষাদান ও মূল্যায়ন :

ক. প্রত্যেক সেমিস্টারে নির্ধারিত কোর্সসমূহ পাঠ দান এবং মিড-সেমিস্টার পরীক্ষা গ্রহণ করা হবে।

খ. প্রতি কোর্স বিভাগের দুজন শিক্ষক কর্তৃক পাঠদান ও মূল্যায়ন করা হবে। যদি ১টি কোর্সে একজন শিক্ষক পাঠদান করেন তবে কোর্স শিক্ষকসহ অপর একজন শিক্ষক কোর্স-সমাপ্তি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করবেন।

অপর শিক্ষক বাংলা বিভাগের/অন্য বিভাগের অথবা অন্য বিশ্ববিদ্যালয় থেকে নিযুক্ত হবেন।

গ. প্রতি কোর্সের উভয় শিক্ষক সপ্তাহে ৬০ মিনিটের ২টি করে ক্লাস নেবেন। যদি কোনো শিক্ষক সপ্তাহে ১টি করে ক্লাস নিতে চান তবে সেই ক্লাসের সময় হবে ১২০ মিনিট।

ঘ. যদি একজন শিক্ষক কোর্স পড়ান তবে তাঁকে সপ্তাহে ৪টি ক্লাস নিতে হবে।

ঙ. মিড-টার্ম পরীক্ষার প্রতিটির নম্বর ১৫ : ১৫ + ১৫ = ৩০

কোর্সের দুজন শিক্ষক প্রতি সেমিস্টারে ১ ঘণ্টার ১টি করে মিড-টার্ম পরীক্ষা নেবেন। প্রতি কোর্সে দুটি মিড-টার্ম পরীক্ষার নম্বর যোগ করে মোট প্রাপ্ত নম্বর নির্ধারণ করা হবে। যদি একজন শিক্ষক কোর্সটি পড়ান তবে তিনি ২টি মিড-টার্ম পরীক্ষা নেবেন।

চ. চূড়ান্ত পরীক্ষা :

সেমিস্টারের চূড়ান্ত পরীক্ষা প্রতি সেমিস্টার সমাপ্তির পর গ্রহণ করা হবে। প্রতি কোর্সের পরীক্ষার সময় ৪ ঘণ্টা। দুজন শিক্ষক প্রশ্নপত্র প্রণয়ন ও মূল্যায়ন করবেন। চূড়ান্ত পরীক্ষায় দুজন শিক্ষকের প্রদত্ত নম্বর গড় করা হবে। তবে দুজন পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০%-এর বেশি হলে তৃতীয় পরীক্ষক নিযুক্ত হবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে নিকটবর্তী দুটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর বলে গণ্য হবে।

প্রশ্নপত্রে ৫টি বড় প্রশ্ন অথবা বড় প্রশ্নের সঙ্গে সংক্ষিপ্ত বা টীকাজাতীয় প্রশ্নের সমন্বয় করা যেতে পারে।

ছ. সংশ্লিষ্ট কোর্সে ক্লাস-উপস্থিতি ও অংশগ্রহণ : ৫ + ৫ = ১০

২ জন শিক্ষক স্বতন্ত্রভাবে শিক্ষার্থীদের ক্লাস-উপস্থিতির ওপর নম্বর (৫+৫) দেবেন। যদি ১জন শিক্ষক কোর্সটি পড়ান তবে নম্বর হবে ১০, ৯০% বা তার অধিক উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ৫, ৮৫% থেকে ৮৯% হারে উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ৪, ৮০% থেকে ৮৪% হারে উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ৩, ৭৫% থেকে ৭৯% হারে উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ২, ৬০% থেকে ৭৪% হারে উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ১, ৬০% হারের নিচে উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ০০।

৬. প্রতি ২৫ নম্বরের ২টি ১ ক্রেডিট কোর্সের পাঠদান ও মূল্যায়ন :

ক. ১০/১৫ জন শিক্ষার্থীর সমন্বয়ে এক-একটি ক্ষুদ্র গ্রুপ বা দল গঠিত হবে। দুই সেমিস্টারেই গ্রুপ-বিন্যাস থাকবে।

খ. ১ম সেমিস্টারে একজন শিক্ষক প্রতি সপ্তাহে ১টি গ্রুপের ১টি করে মোট ১৫টি ক্লাস গ্রহণ করবেন।

গ. ২য় সেমিস্টারে অভিন্ন শিক্ষক/নতুন শিক্ষক প্রতি সপ্তাহে ১টি গ্রুপের ১টি করে মোট ১৫টি ক্লাস নেবেন।

ঘ. ক্লাস-উপস্থিতি ও উপস্থাপনা : ১০+১০ = ২০

এক্ষেত্রে শিক্ষার্থীদের কোনো লিখিত পরীক্ষা দিতে হবে না। তাদের পাঠক্রমের অন্তর্ভুক্ত বিষয় নিয়ে আলোচনা ও প্রশ্নের মৌখিক উত্তর দিতে হবে। ১ম ও ২য় সেমিস্টারের উভয় গ্রুপে শিক্ষক কর্তৃক প্রদেয় নম্বরের পূর্ণমান ১০।

সন্তোষজনক উপস্থাপনা এবং ৯০% ভাগ উপস্থিতিসাপেক্ষে শিক্ষার্থীকে ১০ নম্বর দেওয়া যেতে পারে। সন্তোষজনক উপস্থাপনা এবং ৮৫% থেকে ৮৯% ভাগ উপস্থিতির জন্য ৮, ৮০% থেকে ৮৪% ভাগ উপস্থিতির জন্য ৬, ৭৫% থেকে ৭৯% ভাগ উপস্থিতির জন্য ৪, ৬০% থেকে ৭৪% ভাগ উপস্থিতির জন্য ২ নম্বর দেওয়া যেতে পারে। কিন্তু গ্রুপ-ক্লাসে কোনো শিক্ষার্থীর উপস্থিতি ৬০% -এর কম হলে প্রদেয় নম্বর হবে ০০।

ঙ. মৌখিক পরীক্ষা : প্রতি সেমিস্টার : ১৫ নম্বর

পরীক্ষা কমিটি প্রতি সেমিস্টারের শেষে ১৫ নম্বরের দুটি অথবা ২য় সেমিস্টারের শেষে ৩০ নম্বরের একটি মৌখিক পরীক্ষা গ্রহণ করবেন।

চ. যে-সব শিক্ষার্থী ৫০৮ সংখ্যক কোর্সের বিকল্প হিসেবে ৫০৯ সংখ্যক কোর্সটি গ্রহণ করবে তাদের ‘থিসিস গ্রুপ’-এর শিক্ষার্থী হিসেবে গণ্য করা হবে। এ-কোর্সের প্রত্যেক শিক্ষার্থী অ্যাকাডেমিক কমিটি কর্তৃক নির্ধারিত একজন শিক্ষকের তত্ত্বাবধানে গবেষণা-কর্ম সম্পন্ন করবে। একজন

গবেষণা-তত্ত্বাবধায়ক একজন শিক্ষার্থীকেই তত্ত্বাবধান করবেন।

থিসিস-গ্রুপে সুযোগ পাওয়ার যোগ্যতা অ্যাকাডেমিক কমিটি কর্তৃক নির্ধারিত হবে। লিখিত পরীক্ষা শেষ হওয়ার ৪৫ দিনের মধ্যে থিসিস উপস্থাপন করতে হবে।

## পরীক্ষা-মূল্যায়ন পদ্ধতি

১. ফলপত্রে নিম্নোক্ত তথ্য থাকবে :

অক্ষর-গ্রেড (Letter Grades)
গ্রেড-পয়েন্ট (GP)
গ্রেড-পয়েন্ট গড় (GPA)

২. গ্রেড নির্ধারণ করা হবে এভাবে :

| নম্বর (Numerical Grades) | অক্ষর (Letter Grades) | গ্রেড-পয়েন্ট (GP) (পূর্ণপত্র) | গ্রেড-পয়েন্ট (GP) (খণ্ডপত্র) |
|---|---|---|---|
| 80 and above | A+ | 4.00 | 1.00 |
| 75 to less than 80 | A | 3.75 | 0.94 |
| 70 to less than 75 | A- | 3.50 | 0.88 |
| 65 to less than 70 | B+ | 3.25 | 0.81 |
| 60 to less than 65 | B | 3.00 | 0.75 |
| 55 to less than 60 | B- | 2.75 | 0.69 |
| 50 to less than 55 | C+ | 2.50 | 0.63 |
| 45 to less than 50 | C | 2.25 | 0.56 |
| 40 to less than 45 | D | 2.00 | 0.50 |
| Less than 40 | F | 0.00 | 0.00 |
| Incomplete (Does not take an exam) | I | 0.00 | 0.00 |
| Withdrawn (Does not attend any class and take any exam) | | 0.00 | 0.00 |

# প্রথম সেমিস্টার

## কোর্স ৫০১ : বাংলা কবিতা-১
[Bengali Poetry-1]

### কোর্স-পরিচিতি ও উদ্দেশ্য

বিশ শতকে এসে আধুনিক বাংলা কবিতায় গুরুত্বপূর্ণ পালাবদল ঘটে। এর সূচনা রবীন্দ্রনাথ ঠাকুরেরই হাতে। রবীন্দ্রনাথ তাঁর কাব্যরচনার চতুর্থ পর্যায়ে রূপ ও রসে বিপুল পরিবর্তন আনেন। তিরিশোত্তর কবিতার পাঁচ কবি – জীবনানন্দ দাশ, সুধীন্দ্রনাথ দত্ত, অমিয় চক্রবর্তী, বুদ্ধদেব বসু, বিষ্ণু দে – বাংলা কবিতার ঐ পরিবর্তনকে নিয়ে যান নতুন কালান্তরে। বিষয় ও আঙ্গিকে যেন পরিণত হয়ে ওঠে এই কবিতার ধারা।

বর্তমান কোর্সে রবীন্দ্রনাথ ঠাকুরের পরিণত-পর্বের তিনটি কাব্য এবং জীবনানন্দ দাশ, সুধীন্দ্রনাথ দত্ত ও বিষ্ণু দে – প্রত্যেকের তিনটি করে কাব্য পাঠ্য। এই পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা বিশ শতকের দ্বিতীয় ও তৃতীয় দশকে সংঘটিত বাংলা কবিতার পালাবদল, বিষয়বস্তু ও আঙ্গিকের ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন এবং বিশ শতকের বাংলা কবিতার মূল বৈশিষ্ট্যসমূহ অনুধাবন করতে পারবে।

### পাঠ্য বিষয়

[ক] রবীন্দ্রনাথ ঠাকুর : *বলাকা; পুনশ্চ; শেষ লেখা*
[খ] জীবনানন্দ দাশ : *ধূসর পাণ্ডুলিপি; বনলতা সেন; সাতটি তারার তিমির*
[গ] সুধীন্দ্রনাথ দত্ত : *অর্কেস্ট্রা; সংবর্ত; দশমী*
[ঘ] বিষ্ণু দে : *উর্বশী ও আর্টেমিস; চোরাবালি; সাত ভাই চম্পা*

### সহায়ক গ্রন্থ


অমলেন্দু বসু : জীবনানন্দ

অম্বুজ বসু : একটি নক্ষত্র আসে

অরবিন্দ পোদ্দার : রবীন্দ্র-মানস

অরুণ সেন : বিষ্ণু দে, এ ব্রতযাত্রায়

অশ্রুকুমার সিকদার : আধুনিক কবিতার দিগ্বলয়

আবদুল মান্নান সৈয়দ : শুদ্ধতম কবি; করতলে মহাদেশ; দশ দিগন্তের দ্রষ্টা

আবু সয়ীদ আইয়ুব : আধুনিকতা ও রবীন্দ্রনাথ

আবুল হাসনাত ও বিশ্বজিৎ ঘোষ (সম্পাদক) : বিষ্ণু দে : কবিতায় ও শিল্পে

আহমদ রফিক : বিষ্ণু দে : কবি ও কবিতা
কেকা ঘটক : সুধীন্দ্রনাথ দত্ত : কবি ও কবিতা
ক্ষিতিমোহন সেন : বলাকা কাব্য-পরিক্রমা
ক্ষুদিরাম দাস : রবীন্দ্র-প্রতিভার পরিচয়
খনা মুখোপাধ্যায় : রবীন্দ্রনাথের শেষ পর্যায়ের কাব্য
জহরসেন মজুমদার : জীবনানন্দ : অন্ধকারের চিত্রনাট্য
দীপ্তি ত্রিপাঠী : আধুনিক বাংলা কাব্যপরিচয়
নীহাররঞ্জন রায় : রবীন্দ্র-সাহিত্যের ভূমিকা
নেপাল মজুমদার : ভারতে জাতীয়তা ও আন্তর্জাতিকতা এবং রবীন্দ্রনাথ (১-৬ খণ্ড)
প্রভাতকুমার মুখোপাধ্যায় : রবীন্দ্রজীবনী ও রবীন্দ্রসাহিত্য প্রবেশক (১-৪ খণ্ড)
বারীন্দ্র বসু : রবীন্দ্রনাথের বলাকা
বাসন্তীকুমার মুখোপাধ্যায় : মহাগোধূলির কবি
বুদ্ধদেব বসু : কালের পুতুল
বেগম আকতার কামাল : জীবনানন্দ : কথার গর্বে কবিতা; বিষ্ণুদে-র কবিস্বভাব ও কাব্যরূপ; বিষ্ণু দে : পুরাণ প্রসঙ্গ
ভীষ্মদেব চৌধুরী (সম্পাদক) : রবীন্দ্রনাথ : সার্ধশত জন্মবর্ষ স্মরণ
মাহবুব সাদিক : জীবনানন্দ : কবিতার নান্দনিকতা
রফিকউল্লাহ খান (সম্পাদক) : জীবনানন্দ দাশ : মৃৎপত্রে নীলোচ্ছ্বাস
শিশিরকুমার ঘোষ : রবীন্দ্রনাথের উত্তরকাব্য
শুদ্ধসত্ত্ব বসু : সুধীন্দ্রনাথের কাব্যবিচার; রবীন্দ্রকাব্যের গোধূলি পর্যায়
সরোজ বন্দ্যোপাধ্যায় : বাংলা কবিতার কালান্তর
সরোজ বন্দ্যোপাধ্যায় ও পার্থপ্রতিম বন্দ্যোপাধ্যায় : বিষ্ণু দে : কালে, কালোত্তরে
সিদ্দিকা মাহমুদা : রবীন্দ্রনাথের গদ্যকবিতা: চেতনা ও চিত্রকল্প; সুধীন্দ্রনাথ দত্ত: কবি ও কাব্য
সিরাজ সালেকীন : রবীন্দ্রচেতনায় নারী; রবীন্দ্রকাব্যে আলোকভাবনা
সুজিৎ ঘোষ (সম্পাদক) : বিষ্ণু দে-র জীবন ও সাহিত্য
সৈয়দ আলী আহসান : রবীন্দ্র কাব্যবিচারের ভূমিকা; আধুনিক বাংলা কবিতা : শব্দের অনুষঙ্গে
Clinton B. Seely : A Poet Apart: A Literary Biography of the Bengali Poet Jibanananda Das

## কোর্স ৫০২ : বাংলা উপন্যাস-১
[Bengali Novel-1]

### কোর্স-পরিচিতি ও উদ্দেশ্য

স্নাতকোত্তর পর্বের শিক্ষার্থীদের বাংলা উপন্যাস সম্পর্কে সম্যক জ্ঞান অর্জন অত্যন্ত জরুরি। এ-কারণে এ-পর্যায়ে দুটি সেমিস্টারে চারজন করে মোট আটজন ঔপন্যাসিকের রচনা পাঠ্য। বাংলা উপন্যাসের সূচনালগ্নের প্রধান স্রষ্টা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের তিনটি, বিকাশ পর্যায়ে উপন্যাসে নতুন মাত্রা সংযোজনকারী রবীন্দ্রনাথ ঠাকুরের তিনটি, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের তিনটি এবং সতীনাথ ভাদুড়ীর দুটি নিরীক্ষাধর্মী উপন্যাস বর্তমান কোর্সে পাঠ্য।

এই কোর্স পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা উপন্যাসের বিভিন্ন পর্বের বৈশিষ্ট্য অনুধাবন করতে পারবে। একই সঙ্গে উপন্যাস পাঠ ও পাঠদানের কৌশল এবং উপন্যাস বিশ্লেষণের দক্ষতা অর্জন করবে।

### পাঠ্য বিষয়

[ক] বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় : *বিষবৃক্ষ; রাজসিংহ; আনন্দমঠ*

[খ] রবীন্দ্রনাথ ঠাকুর : *গোরা; চতুরঙ্গ; যোগাযোগ*

[গ] তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় : *গণদেবতা; পঞ্চগ্রাম; হাসুলিবাঁকের উপকথা*

[ঘ] সতীনাথ ভাদুড়ী : *জাগরী; ঢোঁড়াই চরিতমানস*

### সহায়ক গ্রন্থ

অচ্যুত গোস্বামী : বাংলা উপন্যাসের ধারা

অরবিন্দ পোদ্দার : বঙ্কিম-মানস

অর্চনা মজুমদার : রবীন্দ্র-উপন্যাস পরিক্রমা

অরুণকুমার মুখোপাধ্যায় : কালের প্রতিমা

অলোক রায় : কালান্তরের কথাকার তারাশঙ্কর

অশ্রুকুমার সিকদার : আধুনিকতা ও বাংলা উপন্যাস

আবুল কাসেম ফজলুল হক (সম্পাদক) : বঙ্কিমচন্দ্র : সার্ধশত জন্মবর্ষে

ইন্দ্রনীল মণ্ডল : তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় : সমকাল ও ইতিহাস

উজ্জ্বলকুমার মজুমদার ও সরিৎ বন্দ্যোপাধ্যায় (সম্পাদক) : তারাশঙ্কর স্মারকগ্রন্থ

ক্ষেত্র গুপ্ত : বঙ্কিমচন্দ্রের উপন্যাস : শিল্পরীতি

গোপাল হালদার : সতীনাথ ভাদুড়ী : সাহিত্য ও সাধনা
গোপিকানাথ রায়চৌধুরী : বিভূতিভূষণ : মন ও শিল্প
জলার্ক (প্রকাশক) : সতীনাথ ভাদুড়ী : স্বাতন্ত্র্যের সন্ধান
দেবেশ রায় : উপন্যাস নিয়ে; তারাশঙ্কর : নিরন্তর দেশ
ধ্রুবকুমার মুখোপাধ্যায় (সম্পাদক) : তারাশঙ্কর : সমকাল ও উত্তরকালের দৃষ্টিতে
ভীষ্মদেব চৌধুরী : তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস : সমাজ ও রাজনীতি; তারাশঙ্কর স্মারকগ্রন্থ (সম্পাদক) : কথাশিল্পের কথামালা : শরৎচন্দ্র ও তারাশঙ্কর
মো. সেলিম ভুঞা : তারাশঙ্করের উপন্যাস : কৌমজীবনের রূপায়ণ
মৈত্রেয়ী ঘোষ : সতীনাথ ভাদুড়ী : বাংলা উপন্যাসের একটি অধ্যায়
শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় : বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা
সন্তোষকুমার মণ্ডল : সতীনাথ : জীবন ও সাহিত্য
সরোজ বন্দ্যোপাধ্যায় : বাংলা উপন্যাসের কালান্তর; তারাশঙ্করের ভারতবর্ষ; তারাশঙ্কর-অন্বেষা (সম্পাদক)
সারোয়ার জাহান : বঙ্কিমচন্দ্রের উপন্যাস : মূল্যায়নের পালাবদল
সুবোধকুমার সেনগুপ্ত : বঙ্কিমচন্দ্র
সৈয়দ আকরম হোসেন : রবীন্দ্রনাথের উপন্যাস : চেতনালোক ও শিল্পরূপ; প্রসঙ্গ বাংলা কথাসাহিত্য
Sudipta Kaviraj : The Unhappy Consciousness: Bankimchandra Chattopadhyay and the Formation of Nationalist Discourse in India

## কোর্স ৫০৩ : বাংলা ছোটগল্প
[Bengali Short Story]

### কোর্স-পরিচিতি ও উদ্দেশ্য

বিশ শতকের চতুর্থ ও পঞ্চম দশক নাগাদ বাংলা ছোটগল্প লাভ করে পরিণত রূপ। এর অন্যতম রূপকার তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়। বনফুলের ছোটগল্প এতে যুক্ত করে নতুনতর আঙ্গিক বৈচিত্র্য। কমলকুমার মজুমদার কিংবা শহীদুল জহিরের নিরীক্ষাধর্মী ছোটগল্প এতে আনে নতুন মাত্রা। বাংলা ছোটগল্পের প্রতিনিধিস্থানীয় এ-রচয়িতাদের ছোটগল্প অধ্যয়নের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা ছোটগল্পের বিচিত্র বিষয় ও রূপশৈলী সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করতে পারবে।

**পাঠ্য বিষয়**

[ক] তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় : *ছলনাময়ী; জলসাঘর; রসকলি*

[খ] বনফুল [বলাইচাঁদ মুখোপাধ্যায়] : *বনফুলের গল্পসমগ্র*, প্রথম খণ্ড [সরোজ মোহন মিত্র ও নিরঞ্জন চক্রবর্তী সম্পাদিত]

[গ] কমলকুমার মজুমদার : গল্পসমগ্র [সুনীল গঙ্গোপাধ্যায় সম্পাদিত]

[ঘ] শহীদুল জহির : *পারাপার; ডলু নদীর হাওয়া ও অন্যান্য গল্প; ডুমুর খেকো মানুষ ও অন্যান্য গল্প*

**সহায়ক গ্রন্থ**

অরুণকুমার মুখোপাধ্যায় : কালের পুত্তলিকা

অলোক রায় : কালান্তরের কথাকার তারাশঙ্কর

ইন্দ্রনীল মণ্ডল : তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় : সমকাল ও ইতিহাস

উজ্জ্বলকুমার মজুমদার (সম্পাদক) : তারাশঙ্কর : দেশ কাল শিল্প

উজ্জ্বলকুমার মজুমদার ও সরিৎ বন্দ্যোপাধ্যায় (সম্পাদক) : তারাশঙ্কর স্মারকগ্রন্থ

উর্মী নন্দী : বনফুল : জীবন ও সাহিত্য

তাশরিক-ই-হাবিব : গল্পকার শহীদুল জহির

ধীমান দাশগুপ্ত (সম্পাদক) : বনফুলের কথাসাহিত্য

ধ্রুবকুমার মুখোপাধ্যায় (সম্পাদক) : তারাশঙ্কর : সমকাল ও উত্তরকালের দৃষ্টিতে; যুগলবন্দী গল্পকার : তারাশঙ্কর মানিক

নিশীথ মুখোপাধ্যায় : কথাকোবিদ বনফুল

প্রশান্তকুমার দাশগুপ্ত : বনফুল

বীরেন্দ্র দত্ত : বাংলা ছোটগল্প : প্রসঙ্গ ও প্রকরণ

বীরেন্দ্রনাথ চক্রবর্তী : বাংলা কথাসাহিত্যের একাল

ভীষ্মদেব চৌধুরী (সম্পাদক) : তারাশঙ্কর স্মারকগ্রন্থ

ভূদেব চৌধুরী : বাংলা সাহিত্যে ছোটগল্প ও গল্পকার

মিজানুর রহমান খান : বনফুলের ছোটগল্প : জীবনদৃষ্টি ও শিল্পরীতি

মিল্টন বিশ্বাস : তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্পে নিম্নবর্গের মানুষ

মোহাম্মদ আবদুর রশীদ (সম্পাদক) : শহীদুল জহির : স্মারকগ্রন্থ

রাঘব বন্দ্যোপাধ্যায় : কমলকুমার, কলকাতা : পিছুটানের ইতিহাস

শিশিরকুমার দাশ : বাংলা ছোটগল্প

শোয়াইব জিবরান : কমলকুমার মজুমদারের উপন্যাসের করণকৌশল

সফিকুন্নবী সামাদী : তারাশঙ্করের ছোটগল্প : জীবনের শিল্পিত সত্য

সরোজ বন্দ্যোপাধ্যায় (সম্পাদক) : তারাশঙ্কর-অন্বেষা

সরোজমোহন মিত্র : বনফুল : সাহিত্য ও জীবন

সুব্রত রুদ্র (সম্পাদক) : কমলকুমার : রচনা ও স্মৃতি

হিরণ্ময় গঙ্গোপাধ্যায় : কমলকুমার মজুমদার : জীবন ও শিল্প

## কোর্স ৫০৪ : বাংলা নাটক

[Bengali Drama]

### কোর্স-পরিচিতি ও উদ্দেশ্য

বিশ শতকের দ্বিতীয়ার্ধ নাগাদ বিশ্বব্যাপী নাটকের ক্ষেত্রে যে নব নব মাত্রা ও নিরীক্ষাধর্মিতার সংযোজন ঘটে তা বাংলা নাটকেও প্রভাব ফেলে। নানা যুগান্তকারী দার্শনিক তত্ত্ব ও রাজনৈতিক-সামাজিক ভাবনা বাংলা নাটকের বিষয়বস্তুতে গভীরভাবে প্রতিফলিত হয়। বর্তমান কোর্সটি বিন্যস্ত হয়েছে এরূপ নাটকেরই সমন্বয়ে। এতে পাঠ্য রয়েছে বিজন ভট্টাচার্য ও উৎপল দত্তের নাটক যা বাংলার নবনাট্য আন্দোলনের ফসল। সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র নাটকে অস্তিত্ববাদ ও অন্যান্য পাশ্চাত্য দর্শনের ছাপ এবং সেলিম আল দীনের নাটকে বাঙালির ঐতিহ্যচেতনা পরিস্ফুট।

এই কোর্সে আধুনিক বাংলা নাটকের চারজন প্রধান নাট্যকারের ১২টি নাটক অধ্যয়নের মাধ্যমে শিক্ষার্থীরা বিশ শতকের বাংলা নাটকের গতি-প্রকৃতি, নিরীক্ষাধর্মিতা ও আধুনিক বৈশিষ্ট্য সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করতে পারবে।

### পাঠ্য বিষয়

[ক] বিজন ভট্টাচার্য : *নবান্ন; জবানবন্দী; দেবীগর্জন*

[খ] সৈয়দ ওয়ালীউল্লাহ্ : *বহিপীর; তরঙ্গভঙ্গ; উজানে মৃত্যু*

[গ] উৎপল দত্ত : *অঙ্গার; ফেরারি ফৌজ; টিনের তলোয়ার*

[ঘ] সেলিম আল দীন : *কেরামতমঙ্গল; হাতহদাই; যৈবতী কন্যার মন*

### সহায়ক গ্রন্থ

অজিতকুমার ঘোষ : বাংলা নাটকের ইতিহাস

অরূপরতন ঘোষ : বাংলা অ্যাবসার্ড থিয়েটার

আবদুল মান্নান সৈয়দ : সৈয়দ ওয়ালীউল্লাহ
কুন্তল মিত্র : অ্যাবসার্ড নাটক : মাতৃভাষায় বিভাষায়
জয়শ্রী রায় : চিন্তার দর্পণে টিনের তলোয়ার
জীনাত ইমতিয়াজ আলী : সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র জীবনদর্শন ও সাহিত্যকর্ম
দর্শন চৌধুরী : গণনাট্য আন্দোলন; থিয়েটারওয়ালা উৎপল দত্ত; টিনের তলোয়ার নিয়ে; গণনাট্যের নবান্ন : পুনর্মূল্যায়ন
দীপক চন্দ্র : বাংলা নাটকে আধুনিকতা ও গণচেতনা
বিশ্বজিৎ ঘোষ : বাংলাদেশের সাহিত্য
মন্দিরা রায় : বিজন ভট্টাচার্যের নাট্যকর্ম ও সমকালীন প্রেক্ষিত
লুৎফর রহমান : বাংলা নাটক ও সেলিম আল দীনের নাটক
শঙ্কর শীল : উৎপল দত্ত : মনন ও সৃজন
সত্য বন্দ্যোপাধ্যায় : উৎপল দত্ত ও তাঁর থিয়েটার
সাজ্‌জাদ আরেফিন (সম্পাদক) : নান্দীপাঠ, সৈয়দ ওয়ালীউল্লাহ্ সংখ্যা
সাবিরা মনির : বাংলাদেশের নাট্যচর্চা [১৯৭২-১৯৯৭]
সুকুমার বিশ্বাস : বাংলাদেশের নাট্যচর্চা ও নাটকের ধারা
সৈয়দ আবুল মকসুদ : সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র জীবন ও সাহিত্য (২ খণ্ড)
Martin Esslin : The Theatre of the Absurd

# দ্বিতীয় সেমিস্টার

## কোর্স ৫০৫ : বাংলা উপন্যাস–২

[Bengali Novel-2]

### কোর্স-পরিচিতি ও উদ্দেশ্য

বঙ্কিম-রবীন্দ্র-শরৎ পরবর্তী যুগে বাংলা উপন্যাসে বিপুল পরিবর্তন সাধিত হয়। বিশেষত প্রথম বিশ্বযুদ্ধোত্তর কালে। উপন্যাসে রাজনৈতিক দর্শনকে মূর্ত করে তোলেন মানিক বন্দ্যোপাধ্যায়, সমরেশ বসু প্রমুখ। এই ভিত্তির ওপর দাঁড়িয়ে বাংলাদেশের ও পশ্চিম বঙ্গের জীবনকে উপন্যাসে উপজীব্য করেছেন সৈয়দ ওয়ালীউল্লাহ্ ও অমিয়ভূষণ মজুমদার। বর্তমান কোর্সে উল্লিখিত চারজন ঔপন্যাসিকের প্রত্যেকের তিনটি করে উপন্যাস পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা উপন্যাসের নানা কাল ও রূপগত বৈশিষ্ট্য সম্পর্কে সম্যক ধারণা অর্জনে সক্ষম হবে।

### পাঠ্য বিষয়

[ক] মানিক বন্দ্যোপাধ্যায় : *দিবারাত্রির কাব্য; অহিংসা; চিহ্ন*

[খ] সমরেশ বসু *: উত্তরঙ্গ; গঙ্গা; শাম্ব*

[গ] সৈয়দ ওয়ালীউল্লাহ্ : *লালসালু; চাঁদের অমাবস্যা; কাঁদো নদী কাঁদো*

[ঘ] অমিয়ভূষণ মজুমদার : *গড় শ্রীখণ্ড; মহিষকুড়ার উপকথা; মধু সাধুখাঁ*

### সহায়ক গ্রন্থ


অমিত দাস ও অনিরুদ্ধ ভৌমিক (সম্পাদক) : উত্তরাধিকার, অমিয়ভূষণ মজুমদার সংখ্যা

আফিফ ফুয়াদ (সম্পাদক) : দিবারাত্রির কাব্য, অমিয়ভূষণ মজুমদার সংখ্যা

উপল তালুকদার : মানিক বন্দ্যোপাধ্যায়ের কথাসাহিত্যে ফ্রয়েডীয় প্রভাব

উর্বী মুখোপাধ্যায় : অমিয়ভূষণের উপন্যাস প্রসঙ্গে

গিয়াস শামীম : বাংলা সাহিত্যে আঞ্চলিক উপন্যাস; উপন্যাসের শিল্পস্বর

জীনাত ইমতিয়াজ আলী : সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র জীবনদর্শন ও সাহিত্যকর্ম

ঝুমা রায়চৌধুরী : কথাসাহিত্যে সমরেশ বসু : সামগ্রিক মূল্যায়ন

দেবেশ রায় : উপন্যাস নিয়ে

পার্থপ্রতিম বন্দ্যোপাধ্যায় : সমরেশ বসু : সময়ের চিহ্ন

ভীষ্মদেব চৌধুরী : বাংলাদেশের সাহিত্য গবেষণা ও অন্যান্য

ভীষ্মদেব চৌধুরী ও সৈয়দ আজিজুল হক (সম্পাদক) : মানিক বন্দ্যোপাধ্যায় : শতবার্ষিক স্মরণ

ভূঁইয়া ইকবাল (সম্পাদক) : মানিক বন্দ্যোপাধ্যায়

রণেশ দাশগুপ্ত : উপন্যাসের শিল্পরূপ

রফিকউল্লাহ খান : বাংলাদেশের উপন্যাস : বিষয় ও শিল্পরূপ

রমাপ্রসাদ নাগ : স্বতন্ত্র নির্মিতি : অমিয়ভূষণ সাহিত্য; অনন্য অমিয়ভূষণ

সত্যজিৎ চৌধুরী ও অন্যান্য (সম্পাদক) : সমরেশ বসু : স্মরণ সমীক্ষণ

সত্যেন্দ্রনাথ রায় : বাংলা উপন্যাস ও তার আধুনিকতা

সরোজ বন্দ্যোপাধ্যায় : বাংলা উপন্যাসের কালান্তর

সরোজমোহন মিত্র : মানিক বন্দ্যোপাধ্যায় : জীবন ও সাহিত্য

সৈয়দ আকরম হোসেন : বাংলাদেশের সাহিত্য ও অন্যান্য প্রসঙ্গ; প্রসঙ্গ : বাংলা কথাসাহিত্য

সৈয়দ আজিজুল হক : জীবনানন্দের শুভ-অশুভের দ্বন্দ্ব ও বিবিধ প্রসঙ্গ

সৈয়দ আবুল মকসুদ : সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র জীবন ও সাহিত্য (২ খণ্ড)

## কোর্স ৫০৬ : বাংলা গদ্য

[Bengali Prose]

### কোর্স-পরিচিতি ও উদ্দেশ্য

যে-কোনো সাহিত্যধারার আধুনিক বিকাশের জন্য গদ্যের বিকাশ ও অনুশীলন অপরিহার্য। বাংলা গদ্যের বিকাশেও আধুনিক বাংলা সাহিত্যের উদ্ভব ও পথ-পরিক্রমা নিয়ামক ভূমিকা পালন করেছে। আঠারো শতক পর্যন্ত ব্যবহারিক কাজে কিছু কিছু গদ্যের ব্যবহার ঘটলেও বাংলা সাহিত্যিক গদ্যের ধারাবাহিক সূচনা ঘটে উনিশ শতকের শুরু থেকে। ফোর্ট উইলিয়াম কলেজের পণ্ডিতবর্গ, রামমোহন রায়, অক্ষয়কুমার দত্তের পথ ধরে বাংলা সাহিত্যিক গদ্য স্থিত হয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের হাতে। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস ও প্রবন্ধ রচনা বাংলা গদ্যকে আরও ব্যাপক, বিস্তৃত শ্রুতিমধুর ও অলঙ্কারযুক্ত করে। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর অভূতপূর্ব মনীষা ও ভাবজগতের মূর্ত রূপ দেন এই বাংলা গদ্যে। প্রমথ চৌধুরী *সবুজপত্র*-এর মাধ্যমে চলতি গদ্যের প্রচলন করে বাংলা গদ্যকে মানুষের মুখের ভাষার নিকটতর করেন। চারজন গদ্যশিল্পীর নির্বাচিত প্রবন্ধ/গ্রন্থ পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা গদ্যের শতাধিক বছরের বিকাশ, বাংলার জ্ঞানচর্চা এবং এই সময়ের জীবন সম্পর্কে সম্যকভাবে অবহিত হতে পারবে।

## পাঠ্য বিষয়

[ক] ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর : *শকুন্তলা*; প্রভাবতী সম্ভাষণ; বাল্যবিবাহের দোষ; বিধবাবিবাহ প্রচলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব; বহুবিবাহ রহিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক বিচার।

[খ] বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় : *কমলাকান্ত; সাম্য*। নির্বাচিত প্রবন্ধ : 'গীতিকাব্য'; 'বিদ্যাপতি ও জয়দেব'; 'শকুন্তলা, মিরন্দা এবং দেস্‌দিমোনা'; 'চিত্তশুদ্ধি'; 'বঙ্গদেশের কৃষক'; 'বাঙ্গালীর উৎপত্তি'; 'বাঙ্গালা ভাষা'।

[গ] রবীন্দ্রনাথ ঠাকুর : *আত্মপরিচয়; সাহিত্যের স্বরূপ*

[ঘ] প্রমথ চৌধুরী : *প্রবন্ধসংগ্রহ* [অতুলচন্দ্র গুপ্ত সম্পাদিত]

## সহায়ক গ্রন্থ


অধীর দে : আধুনিক বাংলা প্রবন্ধ সাহিত্যের ধারা

অপূর্বকুমার রায় : উনিশ শতকের বাংলা গদ্যে ইংরেজী প্রভাব

অরবিন্দ পোদ্দার : বঙ্কিম-মানস

অরুণকুমার মুখোপাধ্যায় : বাংলা গদ্যরীতির ইতিহাস; বীরবল ও বাংলাসাহিত্য

অরুণকুমার বসু (সম্পাদক) : বাংলা গদ্যজিজ্ঞাসা

অশ্রুকুমার সিকদার ও দেবেশ রায় (সম্পাদক) : বিদ্যাসাগর – নির্বাচিত রচনা : সাহিত্য ও সমাজ

অসিতকুমার বন্দ্যোপাধ্যায় : সাহিত্যজিজ্ঞাসায় রবীন্দ্রনাথ; বাংলাসাহিত্যে বিদ্যাসাগর

আনিসুজ্জামান (সম্পাদক) : রবীন্দ্রনাথ

আবুল কাসেম ফজলুল হক : (সম্পাদক) : বঙ্কিমচন্দ্র : সার্ধশত জন্মবর্ষে

আশা দাশ : বঙ্কিমচন্দ্রের কমলাকান্তের দপ্তর

গোপাল হালদার : বাঙলা সাহিত্যের রূপরেখা (২য় খণ্ড)

গোলাম মুরশিদ (সম্পাদক) : বিদ্যাসাগর

জীবেন্দ্র সিংহ রায় : প্রমথ চৌধুরী

দেবেশ রায় : উপনিবেশের সমাজ ও বাংলা সাংবাদিক গদ্য

নীহাররঞ্জন রায় : রবীন্দ্রসাহিত্যের ভূমিকা

পার্থ চট্টোপাধ্যায় : প্রজা ও তন্ত্র

বিনয় ঘোষ : বিদ্যাসাগর ও বাঙালীসমাজ (১-২ খণ্ড)

বেগম আকতার কামাল : রবীন্দ্রনাথ : যেথায় যত আলো; রবীন্দ্রনাথের ব্রহ্মভাবনা

ভবতোষ দত্ত : চিন্তানায়ক বঙ্কিমচন্দ্র

ভূদেব চৌধুরী : বাংলা সাহিত্যের ইতিকথা (২য় খণ্ড)

শঙ্খ ঘোষ : নির্বাচিত প্রবন্ধ : রবীন্দ্রনাথ

শশিভূষণ দাশগুপ্ত : বাঙলা সাহিত্যের নবযুগ

শ্যামলকুমার চট্টোপাধ্যায় : বাংলা গদ্যের ক্রমবিকাশ

রথীন্দ্রনাথ রায় : বাংলা সাহিত্যে প্রমথ চৌধুরী

সজনীকান্ত দাস : বাংলা গদ্য সাহিত্যের ইতিহাস

সত্যেন্দ্রনাথ রায় : সাহিত্য সমালোচনা : বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ; রবীন্দ্রনাথের বিশ্বাসের জগৎ

সুকুমার সেন : বাঙ্গালা সাহিত্যে গদ্য; বাঙ্গালা সাহিত্যের ইতিহাস

সুবোধচন্দ্র সেনগুপ্ত : বঙ্কিমচন্দ্র

হুমায়ুন আজাদ : রবীন্দ্রপ্রবন্ধ : রাষ্ট্র ও সমাজচিন্তা

Asok Sen : Iswar Chandra Vidyasagar and His Elusive milestones

Sudipta Kaviraj : The Unhappy Consciousness: Bankimchandra Chattopadhyay and the Formation of Nationalist Discourse in India

## কোর্স ৫০৭ : বিশ্বসাহিত্য

[World Literature]

### কোর্স-পরিচিতি ও উদ্দেশ্য

বাংলা সাহিত্যের স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের আধুনিক বিশ্বসাহিত্য সম্পর্কে প্রত্যক্ষ ধারণা থাকা বাঞ্ছনীয়। এর মাধ্যমে শিক্ষার্থীরা বিশ্বসাহিত্যের মূল ধারাগুলো সম্পর্কে অবহিত হতে পারবে। একই সঙ্গে বাংলা সাহিত্যের সঙ্গে তুলনামূলক আলোচনারও সুযোগ পাবে। বর্তমান কোর্সে ফরাসি কবি শার্ল বোদলেয়ার ও ইংরেজি –ভাষী কবি টি.এস. এলিয়টের কাব্য এবং স্যামুয়েল বেকেটের নাটক (বাংলা অনুবাদে) পাঠ্য। এর সঙ্গে রয়েছে আফ্রিকার প্রতিনিধিস্থানীয় গল্পকারদের নির্বাচিত গল্প এবং দক্ষিণ আমেরিকার প্রভাবশালী কথাসাহিত্যিক গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কেজের গল্প ও জার্মান সাহিত্যিক ফ্রান্‌জ কাফকার *রূপান্তর*।

এ কোর্স পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা আধুনিক বিশ্বসাহিত্যের বিচিত্রমুখী ধারা ও তার অন্তহীন গতিময় বৈশিষ্ট্য সম্পর্কে জ্ঞানলাভ করতে পারবে।

**পাঠ্য বিষয়**

[ক]

১. শার্ল বোদলেয়ার : *শার্ল বোদলেয়ার : তাঁর কবিতা* [বুদ্ধদেব বসু অনূদিত]

২. টি এস এলিয়ট : *পোড়োজমি* ও *চৌতাল* [জগন্নাথ চক্রবর্তী অনূদিত]

৩. স্যামুয়েল বেকেট : *ওয়েটিং ফর গডো* [কবির চৌধুরী অনূদিত]

[খ]

১. কাফকা : *রূপান্তর* [মাসরুর আরেফিন অনূদিত]

২. গাব্রিয়েল গার্সিয়া মার্কেজ : *সরলা এরেন্দিরা ও তার নিদয়া ঠাকুরমা*

৩. আফ্রিকার ছোটগল্প [শিবনারায়ণ রায় সম্পাদিত *আফ্রিকার সাহিত্য-সংগ্রহ*, ১ম ও ২য় খণ্ড]

**সহায়ক গ্রন্থ**

ঈপ্সিতা চন্দ (সম্পাদক) : অবভাস [শারদ সংখ্যা]

জাহানারা পারভীন : এবং এলিয়ট

ধ্রুব গুপ্ত ও কাজল বন্দ্যোপাধ্যায় (সম্পাদক) : ছায়াচ্ছন্ন হে আফ্রিকা

মাসরুর আরেফিন (অনুবাদক, সম্পাদক) : ফ্রানৎস কাফকা গল্পসমগ্র

সৈয়দ মোহাম্মদ শাহেদ : আফ্রিকার কবিতা

Cosmo Pieterese and Donald Munro (editor) : Protest and Conflict in African Literature

Claude Wanthier and Key Shirley : The Literature and Thought of Modern Africa

Ilan Starans (editor) : Critical Insights : Gabriel Garcia Marquez

Ricardo Pastor (editor) : ‘Gabriel Garcia Marquez : The man and the magic of his writings’, Alethea 3, [Special issue]

Walter Benjamin : Charles Baudelaire: A Lyric Poet in the Era of High Capitalism

Wole Soyinka : Myth, Literature and the African world

## কোর্স ৫০৮ : বাংলা কবিতা–২
[Bengali Poetry-2]

### কোর্স-পরিচিতি ও উদ্দেশ্য

বিশ শতকের চল্লিশের দশক থেকে আধুনিক বাংলা কবিতার স্বতন্ত্র স্বর শোনা যায় বাংলাদেশের কবিদের কণ্ঠে। বর্তমান কোর্সে এরকম ছয়জন কবির ১২টি কাব্য পাঠ্য। এর প্রথম দু'জন আবুল হোসেন ও ফররুখ আহমদের কাব্যে চল্লিশ ও পঞ্চাশের দশকের কাব্যের পরিবর্তনের ধারা এবং বৈশিষ্ট্য বিধৃত। হাসান হাফিজুর রহমান ও আল মাহমুদের কাব্যে পঞ্চাশ-ষাট ও পরবর্তী সময়ের এবং রফিক আজাদ ও আবুল হাসানের কাব্যে ষাট ও পরবর্তী আধুনিক বাংলা কবিতার পরিচয় পাওয়া যায়। এই বারটি কাব্য পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা আধুনিক বাংলা কবিতার চল্লিশ-পঞ্চাশ-ষাট ও পরবর্তী সময়ের কবিতার গতিপ্রকৃতিসহ বিষয়শৈলী ও তার রূপান্তর সম্পর্কে জ্ঞান লাভ করবে।

### পাঠ্য বিষয়

**[ক]**

১. ফররুখ আহমদ : *সাত সাগরের মাঝি; মুহূর্তের কবিতা*

২. আবুল হোসেন : *নববসন্ত; হাওয়া তোমার কি দুঃসাহস*

৩. হাসান হাফিজুর রহমান : *বিমুখ প্রান্তর; অন্তিম শরের মতো*

**[খ]**

১. আল মাহমুদ : *কালের কলস; সোনালী কাবিন*

২. রফিক আজাদ : *অসম্ভবের পায়ে; চুনিয়া আমার আর্কেডিয়া*

৩. আবুল হাসান : *পৃথক পালঙ্ক; রাজা যায় রাজা আসে*

### সহায়ক গ্রন্থ

অনু হোসেন : বাংলাদেশের কবিতা : লোকসংস্কৃতির নন্দনতত্ত্ব

আবদুল মান্নান সৈয়দ : করতলে মহাদেশ; ফররুখ আহমদ : জীবন ও সাহিত্য

আবু হেনা মোস্তফা কামাল : শিল্পীর রূপান্তর; কথা ও কবিতা

খান সারওয়ার মুরশিদ : সমকালীন বাংলা সাহিত্য

খালেদ খালেদুর রহমান (সম্পাদক) : হাসান হাফিজুর রহমান

খোন্দকার আশরাফ হোসেন : বাংলাদেশের কবিতা : অন্তরঙ্গ অবলোকন

গাউসুর রহমান : আল মাহমুদের কবিতার বিষয়-আশয়

তারেক রেজা : আবুল হোসেন : কবি ও কবিতা

ফজলুল হক তুহিন : আল মাহমুদের কবিতা : বিষয় ও শিল্পরূপ

বায়তুল্লাহ কাদেরী : বাংলাদেশের ষাটের দশকের কবিতা : বিষয় ও প্রকরণ; কবিতার শব্দ-সাঁকো

বিশ্বজিৎ ঘোষ : আবুল হাসান

মাসুদুজ্জামান : বাংলাদেশ ও পশ্চিম বাংলার কবিতা : তুলনামূলক ধারা

রফিকউল্লাহ খান : হাসান হাফিজুর রহমান : জীবন ও সাহিত্য; বাংলাদেশের কবিতা : সমবায়ী স্বতন্ত্র স্বর

শাহাবুদ্দীন আহ্‌মদ (সম্পাদক) : ফর্‌রুখ আহ্‌মদঃ ব্যক্তি ও কবি

সরকার আমিন : বাংলাদেশের কবিতায় চিত্রকল্প

সাঈদ-উর রহমান : পূর্ব বাংলার রাজনীতি-সংস্কৃতি ও কবিতা

সুনীলকুমার মুখোপাধ্যায় : কবি ফররুখ আহমদ

সৈয়দ আলী আহসান : আধুনিক বাংলা কবিতা : শব্দের অনুষঙ্গে

হাসান হাফিজুর রহমান : আধুনিক কবি ও কবিতা

## বিকল্প

**কোর্স ৫০৯ : গবেষণা-অভিসন্দর্ভ**

[Thesis]